
ওয়েলস্ এর ন্যাশনাল অ্যাসেম্বলি

# অ্যাসেম্বলি সম্পর্কে আপনার জন্য নির্দেশিকা







Bengali



আরও তথ্যের জন্য এখানে যোগাযোগ করুনঃ

তথ্য লংইনঃ 029 2089 8200

স্থান সংরক্ষণ লাইনঃ 029 2089 8477

টেকস্টফোনঃ 029 2089 8261

এই তথ্য পুস্তিকাটি অনুরোধসাপেক্ষে নিম্নলিখিত ফরম্যাটে পাওয়া যাবে ঃ

বড় হরফে ছাপা • ব্রেইল • কমপ্যাক্ট ডিস্ক (সি.ডি.) • ব্রিটিশ মূকবধিরদের ইশারার ভাষা (BSL)

এটি ইলেকট্রনিক মাধ্যমে নিম্নলিখিত ভাষায় www.wales.gov.uk ওয়েবসাইটে পাওয়া যাবে ঃ

আরবি • ইতালীয় • ইংরেজি • উর্দু • ওয়েলশ • ক্যান্টোনিজ্ • গুজরাটি • জাপানি • জার্মান • ডাচ • পর্তুগিজ • ফরাসি • ফার্সি • বাংলা • সোমালি • সোয়াহিলি • স্প্যানিশ • হিন্দি

যাঁদের মাতৃভাষা ইংরেজি অথবা ওয়েলশ নয় তাঁদের জন্য 60টি পর্যন্ত ভাষায় টেলিফোনের মাধ্যমে দোভাষীর পরিষেবা পাওয়া যায়। এই পরিষেবাটি পেতে হলে 029 2089 8200 নম্বরে ফোন করে আপনার পছন্দের ভাষাটির দিকে ইঙ্গিত করুন। এরপরে অপারেটর আপনার সঙ্গে একজন দোভাষীর সংযোগ ঘটিয়ে দেবে।

ই-মেইল (সাধারণ)ঃ assembly.info@wales.gsi.gov.uk

ই-মেইল (স্থান সংরক্ষণ)ঃ assembly.booking@wales.gsi.gov.uk

Public Information and Education Service
National Assembly for Wales
Cardiff CF99 1NA

সব থেকে সাম্প্রতিকতম তথ্যের জন্য এই ঠিকানায় অ্যাসেম্বলি ওয়েবসাইট দেখুন
**www.wales.gov.uk**

আপনার পার্সোনাল কমপিউটারে সরাসরি অ্যাসেম্বলির ঘটনাবলীর সম্প্রচার দেখুন এই ঠিকানায়
**www.webcasting.wales.gov.uk**

APS/017/8/03.06

ISBN নম্বরঃ 0 7504 9724 6

Crown copyright 2006

# বিষয়সূচি


**অ্যাসেম্বলির প্রেক্ষাপট** 4

**অ্যাসেম্বলি** 4

**অ্যাসেম্বলির ভবিষ্যত** 4

**The Senedd [ দ্য সেনেথ ]** 5

**অ্যাসেম্বলি কীভাবে নির্বাচিত হয়** 6

**নির্বাচনক্ষেত্র এবং নির্বাচন সংক্রান্ত অঞ্চলগুলি** 7

**অ্যাসেম্বলির সদস্য পরিচিতি** 8

The Presiding Officer [ প্রিসাইডিং অফিসার ] 8

ওয়েলস এর First Minister [ ফার্স্ট মিনিস্টার ] এবং ওয়েলশ অ্যাসেম্বলি গভর্নমেন্ট 8

**পূর্ণাঙ্গ অধিবেশন** 9

**The Siambr [ দ্য চেম্বার ]** 10

**অ্যাসেম্বলির কমিটিগুলির ভূমিকা** 10

বিষয় কমিটিগুলি 10

স্থায়ী কমিটি 11

কাজকর্ম সংক্রান্ত কমিটি 11

হাউস কমিটি 11

আঞ্চলিক কমিটি 11

অতিরিক্ত কমিটি 11

House of Commons Welsh Affairs Committee [ হাউস অব কমন্স এর ওয়েলশ অ্যাফেয়ার্স কমিটি ] এর সঙ্গে যৌথভাবে কাজ করা 11

**অ্যাসেম্বলিতে প্রবেশাধিকার** 12

পূর্ণাঙ্গ অধিবেশন এবং কমিটিগুলি 12

অ্যাসেম্বলির কার্যবিবরণীর সম্প্রচার 12

অতিথি এবং প্রদর্শনী কেন্দ্র 12

অঞ্চলগুলিতে অ্যাসেম্বলি 12






## অ্যাসেম্বলির প্রেক্ষাপট

জুলাই, 1997 তে যুক্তরাজ্যের সরকার একটি শ্বেতপত্র, প্রস্তাবদানকারী একটি সরকারি প্রতিবেদন, প্রকাশ করেন যার নাম ছিল *A Voice for Wales* [ ওয়েলস এর মুখপাত্র ] যাতে ওয়েলস এ ক্ষমতা হস্তান্তর সংক্রান্ত প্রস্তাবগুলির রূপরেখা দেওয়া হয়েছিল। 18ই সেপ্টেম্বর, 1997 এর গণভোটে এই প্রস্তাবগুলি অনুমোদন করা হয়। পরবর্তীকালে সংসদ Government of Wales Act 1998 [ গভর্নমেন্ট অব ওয়েলস আইন, 1998 ] পাশ করে যার মাধ্যমে ন্যাশনাল অ্যাসেম্বলি অব ওয়েলস প্রতিষ্ঠিত হয়।

National Assembly for Wales (Transfer of Functions) Order 1999 [ ওয়েলস এর জাতীয় অ্যাসেম্বলি (কাজকর্মে হস্তান্তর) আদেশ, 1999 ] হস্তান্তরিত ক্ষমতা এবং দায়িত্বগুলিকে ওয়েলস এর সেক্রেটারি অব স্টেট থেকে 1লা জুলাই, 1999 অ্যাসেম্বলিতে হস্তান্তরিত হতে সাহায্য করে। পরবর্তীতে সংসদের অনেকগুলি আইন অ্যাসেম্বলিকে নতুন ক্ষমতা দিয়েছে।

## অ্যাসেম্বলি

অ্যাসেম্বলি তার অগ্রাধিকারগুলি স্থির করে এবং যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'র সরকারি কোষাগার (অথবা অর্থমন্ত্রক) থেকে যে অর্থ পাওয়া গেছে তা বন্টন করে। হস্তান্তরিত ক্ষমতার আওতার মধ্যে থেকে অ্যাসেম্বলি সেই সব নীতি প্রণয়ন করে এবং আইন অনুমোদন করে যা ওয়েলস এর জনগণের প্রয়োজনগুলির প্রতিফলন। ওয়েলস এর জনগণ ভোট দিয়ে যাঁদের নির্বাচিত করেন তাঁরাই এই সব বিষয়ে সিদ্ধান্তগুলি গ্রহণ করেন। ওয়েলস যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'র অংশ হিসেবে আছে এবং ওয়েলস এর সেক্রেটারি অব স্টেট এবং সাংসদরা (MPs) [ (সংসদের সদস্যগণ) ] যাঁরা ওয়েলশ এর নির্বাচনক্ষেত্রগুলি থেকে নির্বাচিত হয়েছেন তাঁদের জন্য এখনও ওয়েস্টমিনিস্টার এ আসন আছে। ওয়েস্টমিনিস্টারে সংসদ যে আইনগুলি পাশ করে সেগুলি ওয়েলস এর ক্ষেত্রে প্রযোজ্য হয়।

অধীনস্ত আইন তৈরি, যাতে সংসদের কোনো আইনের ধারাগুলি কীভাবে প্রযোজ্য হবে তা বিস্তারিত ব্যাখ্যা করা হয়, অ্যাসেম্বলির একটি মূল কাজ। Westminster Parliament [ ওয়েস্টমিনস্টার পার্লামেন্ট ] কৃত মূল আইনটিতে অধীনস্ত আইন প্রণয়নের ক্ষেত্রে অ্যাসেম্বলির ক্ষমতা বর্ণনা করা আছে। এর অর্থ হল ইংল্যান্ডের তুলনায় ওয়েলস এ সংসদের একটি আইনের ভিন্ন প্রভাব দেখা যেতে পারে। উদাহরণস্বরূপ, 1লা অক্টোবর, 2004 অ্যাসেম্বলি নিজস্ব চিকিৎসা প্রেসক্রিপশনের হার নির্দিষ্ট করে দিয়েছে যা ইংল্যান্ডের ক্ষেত্রে প্রযোজ্য হারের তুলনায় ভিন্ন।

## অ্যাসেম্বলির ভবিষ্যত

বর্তমানে ন্যাশনাল অ্যাসেম্বলির ক্ষমতা সীমিত এবং এর গঠন অস্বাভাবিক কারণ এর সরকারি (কার্যনির্বাহী) এবং সংসদীয় (আইন প্রণয়নকারী) বাহুদুটিকে একত্রে একটি কর্পোরেট সংস্থা(1) হিসেবে রাখা হয়েছে এবং সমগ্র গঠনটির নাম দেওয়া হয়েছে 'The National Assembly for Wales' [ 'ওয়েলস এর ন্যাশনাল অ্যাসেম্বলি' ]। অধিকাংশ সংসদীয় প্রতিষ্ঠানে, যার মধ্যে ওয়েস্টমিনিস্টার এবং স্কটিশ সংসদও অন্তর্ভুক্ত, কার্যনির্বাহী এবং আইন প্রণয়নকারী অংশগুলি আইনত বিচ্ছিন্ন।

17ই জুলাই, 2005 ওয়েলস এর সেক্রেটারি অব স্টেট Rt Hon Peter Hain MP [ রাইট অনারেবল পিটার হাইন এম.পি. ] 'Better Governance for Wales' [ 'ওয়েলস এর জন্য আরও ভালো প্রশাসন' ] নামে একটি শ্বেতপত্র প্রকাশ করেন। এই শ্বেতপত্রে গভর্নমেন্ট অব ওয়েলস আইন এর ধারাগুলি পরিবর্তন করার জন্য আইন প্রণয়নের সরকারি প্রস্তাবগুলি তিনটি বিষয়ের পরিপ্রেক্ষিতে বর্ণনা করা হয়েছে :

- অ্যাসেম্বলির জন্য একটি নতুন কার্যনির্বাহী গঠন তৈরি করা;
- অ্যাসেম্বলির আইন প্রণয়নের ক্ষমতাকে আরও বাড়ানো; এবং
- নির্বাচনী প্রক্রিয়ার সংশোধন করা।

এর অর্থ হল অ্যাসেম্বলির সংসদীয় এবং সরকারি অংশ আনুষ্ঠানিকভাবে পৃথক হয়ে গেল। যে বিলটি এই পরিবর্তনগুলি নিয়ে এসেছে সেটি বর্তমানে সংসদে পেশ করা হয়েছে এবং আশা করা





হচ্ছে যে এটি 2006 এর শেষে আইন হিসেবে গ্রাহ্য হবে। এটি যদি মোটের উপর এর প্রস্তাবিত আকারে পাশ করা হয় তাহলে 3রা মে, 2007 এ পরবর্তী নির্বাচনের পরেই অ্যাসেম্বলির এই পরিবর্তনগুলি কার্যকরী হবে।

ইতিমধ্যে অ্যাসেম্বলি বর্তমানে যে আইন প্রণয়ন করা আছে তার মধ্যে পরিবর্তন আনার জন্য কাজ করা শুরু করেছে এবং বিশেষত তার কার্যনির্বাহী এবং আইন প্রণয়নকারী বাহুদুটিকে যথাসম্ভব পৃথক করার চেষ্টা করছে। এর ফলে জনগণ আরও সহজে অ্যাসেম্বলি এবং সরকারের ভূমিকা বুঝতে পারবে এবং জবাবদিহি করার গণতান্ত্রিক বাধ্যবাধকতা আরও বাড়ানোর কাজে সাহায্য হবে।

শ্বেতপত্র এবং বিলটির বিষয়ে তথ্য Wales Office [ ওয়েলস অফিস ] এর ওয়েবসাইটে এই ঠিকানায় পাওয়া যাবে **www.walesoffice.gov.uk**

(1) কর্পোরেট সংস্থা = ওয়েলস এর ন্যাশনাল অ্যাসেম্বলি (প্রতি চার বছর অন্তর ওয়েলস এর ন্যাশনাল অ্যাসেম্বলিতে 60 জন সদস্যকে নির্বাচিত করা হয়) এবং ওয়েলশ অ্যাসেম্বলি গভর্নমেন্ট (প্রধান রাজনৈতিক দল/দলগুলির নির্বাচিত অ্যাসেম্বলি সদস্যগণ) এই কর্পোরেট সংস্থাটিকে গঠন করেছে যা 'ওয়েলস এর ন্যাশনাল অ্যাসেম্বলি' নামে পরিচিত।

## The Senedd [ দ্য সেনেথ ]

Senedd [ সেনেথ ] নামে ওয়েলস এর ন্যাশনাল অ্যাসেম্বলির নতুন বাড়িটি Cardiff Bay [ কার্ডিফ বে ] এর সাগরপ্রান্তে একটি দৃষ্টি আকর্ষণকারী স্থানে গড়ে তোলা হয়েছে। এটি একটি অনন্য এবং গুরুত্বপূর্ণ বাড়ি এবং ন্যাশনাল অ্যাসেম্বলির অকপটতা এবং স্বচ্ছতার মূল দর্শনের প্রতিফলন ঘটাতে এটির নকশা তৈরি করেছেন Richard Rogers Partnership [ রিচার্ড রজার্স পার্টনারশিপ ]।

পরিবেশগত দিক থেকে উচ্চমান বজায় রাখার জন্য সংগতিপূর্ণভাবে বাড়িটির নকশা তৈরি করা হয়েছে। নবীকরণযোগ্য প্রযুক্তির সাহায্যে শক্তির খরচ এবং অপচয় ন্যূনতম করা হয়েছে। এই বাড়ির নকশায় দেশজ জিনিসপত্র ব্যবহার করা হয়েছে।



# অ্যাসেম্বলি কীভাবে নির্বাচিত হয়

অ্যাসেম্বলির সদস্যদের (AMs) মোট সংখ্যা 60। প্রতি চার বছর অন্তর নির্বাচন হয় এবং ভোটারদের দুটি করে ভোট আছে।

60 জন সদস্যের মধ্যে 40 জন নির্বাচনক্ষেত্রের প্রতিনিধি এবং এঁরা 'যিনি বেশি ভোট পাবেন তিনিই জিতবেন' ভিত্তিতে নির্বাচিত হন, এটি সেই পদ্ধতি যার সাহায্যে সাংসদরা হাউস অব কমন্স এ নির্বাচিত হন।

আরও 20 জন সদস্য সেই অঞ্চলগুলির প্রতিনিধিত্ব করে যেগুলি ইউরোপীয় সংসদের নির্বাচনক্ষেত্রগুলির সঙ্গে একই সীমানাযুক্ত। আঞ্চলিক সদস্যদের এমন এক ধরনের সমানুপাতিক প্রতিনিধিত্ব অনুসারে নির্বাচন করা হয় যাকে Additional Member System [ অতিরিক্ত সদস্য পদ্ধতি ] বলা হয়। যাতে প্রতিটি দলের অধীনে যতগুলি আসন থাকবে তাতে ওই দল কত ভোট পেয়েছে তার আনুপাতিক হারটি প্রতিফলিত হয় এই পদ্ধতিটি তা নিশ্চিত করার জন্য বেশ কিছুটা চেষ্টা করে।

প্রতিটি নির্বাচনী অঞ্চলে 7 থেকে 9টি নির্বাচনক্ষেত্র আছে। 5টি অঞ্চলের প্রতিটিতে 4 জন আঞ্চলিক অ্যাসেম্বলির সদস্য থাকবেন।

এই 5টি নির্বাচনক্ষেত্র হল ঃ

- North Wales [ উত্তর ওয়েলস ];
- Mid and West Wales [ মধ্য এবং পশ্চিম ওয়েলস ];
- South Wales East [ দক্ষিণ ওয়েলস পূর্ব ];
- South Wales West [ দক্ষিণ ওয়েলস পশ্চিম ];
- South Wales Central [ দক্ষিণ ওয়েলস মধ্য ]।






# নির্বাচনক্ষেত্র এবং নির্বাচন সংক্রান্ত অঞ্চলগুলি





# অ্যাসেম্বলির সদস্য পরিচিতি

## The Presiding Officer [ প্রিসাইডিং অফিসার ]

অ্যাসেম্বলির সব সদস্য প্রিসাইডিং অফিসারকে নির্বাচন করেন। একবার নির্বাচিত হলে প্রিসাইডিং অফিসার নিরপেক্ষভাবে অ্যাসেম্বলির সেবা করেন। Deputy Presiding Officer [ ডেপুটি প্রিসাইডিং অফিসার ] একইভাবে নির্বাচিত হন।

প্রিসাইডিং অফিসারে প্রধান কাজ হল পূর্ণাঙ্গ অধিবেশনগুলিতে সভাপতির দায়িত্ব পালন করা, নিয়মশৃংখলা রক্ষা করা এবং অ্যাসেম্বলির সদস্যদের অধিকারগুলিকে সুরক্ষিত রাখা। যাতে অধিবেশনের কাজকর্ম সমতা এবং নিরপেক্ষতার ওপর ভিত্তি করে হয় তা নিশ্চিত করার দায়িত্ব প্রিসাইডিং অফিসারের। প্রিসাইডিং অফিসার Standing Orders [ স্থায়ী আদেশ ][2] এর জন্য দায়িত্বশীল এবং ওই আদেশের ব্যাখ্যার ক্ষেত্রে তিনিই চূড়ান্ত কর্তৃপক্ষ।

সভাপতিদের প্যানেলের সভাতেও প্রিসাইডিং অফিসার সভাপতিত্ব করেন যেখানে প্রতিটি কমিটির সভাপতিদের সঙ্গে কমিটির পদ্ধতি এবং কমিটির কাজকর্মকে প্রভাবিত করবে এমন বিষয়গুলি নিয়ে আলোচনা করা হয়।

ডেপুটি প্রিসাইডিং অফিসার প্রয়োজনে প্রিসাইডিং অফিসারের কাজের দায়িত্ব গ্রহন করেন এবং তিনি হাউস কমিটির সভাপতি।

## ওয়েলস এর First Minister [ ফার্স্ট মিনিস্টার ] এবং ওয়েলশ অ্যাসেম্বলি গভর্নমেন্ট

অ্যাসেম্বলির 60 জন সদস্য তাঁদের নির্বাহী ক্ষমতা, যার অন্তর্ভুক্ত হল নীতির বাস্তব রূপায়ণ এবং আইন প্রণয়ন, ওয়েলস এর ফার্স্ট মিনিস্টারকে অর্পণ করেন যাঁকে সমগ্র অ্যাসেম্বলি নির্বাচিত করেছে এবং সুতরাং যিনি সাধারণত বৃহত্তম রাজনৈতিক দল অথবা দলগুলির নেতা হয়ে থাকেন। ফার্স্ট মিনিস্টার আবার ওয়েলশ অ্যাসেম্বলি গভর্নমেন্টের যে সব মন্ত্রী একত্রে ক্যাবিনেট গঠন করেছেন তাঁদের নির্বাহী দায়িত্ব দিয়ে দেন।

ক্যাবিনেট অ্যাসেম্বলির দৈনন্দিনের সিদ্ধান্তগুলির মধ্যে অনেকগুলি নিয়ে থাকে এবং তার মন্ত্রীরা নিম্নলিখিত পৃথক বিষয়গুলির দায়িত্বে থাকেন ঃ

- শিক্ষা, জীবনব্যাপী শিক্ষা এবং দক্ষতাসমূহ;
- উদ্যোগ, আবিষ্কার এবং নেটওয়ার্ক;
- পরিবেশ, পরিকল্পনা এবং গ্রামাঞ্চল;
- স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবা;
- অর্থ, স্থানীয় সরকার এবং সরকারি পরিষেবা;
- সংস্কৃতি, ওয়েলশ ভাষা এবং ক্রীড়া; এবং
- সামাজিক ন্যায় এবং পুনরুত্থান

Cabinet [ ক্যাবিনেট ] অ্যাসেম্বলির কাছে দায়বদ্ধ এবং অ্যাসেম্বলি ক্যাবিনেটের সিদ্ধান্ত এবং পদক্ষেপগুলিকে পরীক্ষা করে দেখে।

(2) স্থায়ী আদেশগুলি = যে বিধি অনুসারে ওয়েলস এর ন্যাশনাল অ্যাসেম্বলি কাজ করে।

# পূর্ণাঙ্গ অধিবেশন



পূর্ণাঙ্গ অধিবেশন অ্যাসেম্বলির সকল সদস্যদের সভা যা Siambr [চেম্বার] এ অনুষ্ঠিত হয়। এটি অ্যাসেম্বলির সিদ্ধান্ত গ্রহণকারী এবং আইন প্রণয়নকারী ফোরাম। পূর্ণাঙ্গ অধিবেশনগুলি মঙ্গলবার এবং বুধবার বিকালে জনসমক্ষে অনুষ্ঠিত হয় এবং এটি S4C 2 টেলিভিশনের চ্যানেলে সম্প্রচারিত হয়।

প্রিসাইডিং অফিসার প্রতিটি সভার আগে আলোচ্য বিষয়বস্তুর তালিকা তৈরি করেন। ওই তালিকা অনুসারে একের পর এক সভার কাজকর্ম পরিচালিত হয়। অ্যাসেম্বলি যে সপ্তাহগুলিতে পূর্ণাঙ্গ অধিবেশনে মিলিত হয় তার প্রতি সপ্তাহে ন্যূনতম 45 মিনিট ফার্স্ট মিনিস্টার এর মৌখিক প্রশ্নের জন্য ধার্য থাকে। এছাড়াও প্রত্যেক ক্যাবিনেট মন্ত্রী প্রতি চার সপ্তাহে কমপক্ষে একবার মৌখিক প্রশ্নগুলির উত্তর দেন।

অ্যাসেম্বলির সদস্যরা আলোচনার বিষয়গুলি নিয়ে তর্কবিতর্ক করেন এবং যে সব প্রস্তাবগুলি আনুষ্ঠানিকভাবে পেশ করা হয়েছে সেগুলির ওপর ভোট দেন। প্রিসাইডিং অফিসারের অনুমতি নিয়ে একজন অ্যাসেম্বলি সদস্য জনগণের কাছে গুরুত্বপূর্ণ কোনো জরুরি বিষয় অবিলম্বে বিচার করার প্রস্তাব দিতে পারেন। পূর্ণাঙ্গ অধিবেশন শেষ হওয়ার আগেই একজন অ্যাসেম্বলি সদস্য অল্প সময়ের বিতর্কের জন্য একটি বিষয় প্রস্তাব করতে পারেন।

অ্যাসেম্বলির নির্দিষ্ট কয়েকটি শ্রেণীর কাজের জন্য বার্ষিক পূর্ণাঙ্গ অধিবেশন চক্রের মধ্যেই সময় বন্টন করা থাকে, যেমন ঃ

- অ্যাসেম্বলির বাজেট বন্টন;
- অ্যাসেম্বলি ক্যাবিনেটে প্রতিনিধি নেই এমন রাজনৈতিক দলের তরফে কোনো প্রস্তাব আনুষ্ঠানিকভাবে আনা হয়ে থাকলে;
- বিষয় কমিটি এবং আঞ্চলিক কমিটির পেশ করা প্রতিবেদন; এবং
- ইউরোপিয়ান ইউনিয়ন সংক্রান্ত বিষয়গুলি।







## The Siambr [ দ্য চেম্বার ]

প্রত্যেক অ্যাসেম্বলির সদস্যের জন্য চেম্বার এ একটি নির্ধারিত আসন আছে যেখানে একটি টাচ্-স্ক্রিন কমপিউটারও আছে যা বিতর্ক চলাকালীন ব্যবহার করা যায়। ‘Chamberweb’ [ ’চেম্বারওয়েব’ ] পদ্ধতির সাহায্যে অ্যাসেম্বলির সদস্যরা ইলেকট্রনিক মেইল এবং তথ্য পেতে পারেন।

অ্যাসেম্বলি সম্পূর্ণ দ্বিভাষিক এবং অ্যাসেম্বলির সদস্যরা ইংরেজি অথবা ওয়েলশ, নিজেদের পছন্দের ভাষায় কথা বলেন। সব পূর্ণাঙ্গ অধিবেশন এবং কমিটির সভা চলাকালীন ওয়েলশ থেকে ইংরেজিতে দোভাষী পরিষেবার ব্যবস্থা থাকে।

সদস্যরা তাঁদের ডেস্কের ওপর একটি ফ্রেমে বোতাম টিপে ভোট দিতে পারেন। তারা “Yes” [ ”হ্যাঁ” ], “No” [ ”না” ] অথবা “Abstain” [ ”বিরত” ] এর মধ্যে কোনো একটি বিকল্প পছন্দ করতে পারেন। এই ফলাফল সঙ্গে সঙ্গে চেম্বারের মধ্যে থাকা পর্দায় ভেসে উঠবে।

প্রতিটি পূর্ণাঙ্গ অধিবেশন, বিষয় কমিটি এবং কিছু কিছু স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীর হুবহু রেকর্ড রাখা হয়, তা নিখুঁত, ধারাবাহিক করে তোলার জন্য এবং অপ্রয়োজনীয় পুনরাবৃত্তি এড়ানোর জন্য সম্পাদনা করা হয়। এই তথ্যের সূত্রটিতে সকলেই প্রবেশ করতে পারেন। প্রতিটি পূর্ণাঙ্গ অধিবেশনের 24 ঘন্টার মধ্যে অ্যাসেম্বলির ওয়েবসাইটে সভার কার্যবিবরণীর অনুলিপি প্রকাশ করা হয়। এই তথ্য অনুরোধসাপেক্ষে বড় হরফে ছাপা, ব্রেইল এবং কমপ্যাক্ট ডিস্কেও (সি.ডি.) পাওয়া যায়।

কার্যবিবরণীর রেকর্ড দেখার জন্য এই ঠিকানায় অ্যাসেম্বলির ওয়েবসাইটে যান **www.wales.gov.uk/keypubrecordproceedings/index.htm**

## অ্যাসেম্বলির কমিটিগুলির ভূমিকা

অ্যাসেম্বলি কমিটি হল অ্যাসেম্বলির সদস্যদের একটি গ্রুপ যারা নীতি এবং আইন প্রণয়নের বিষয়গুলি পরীক্ষা করার জন্য নিয়মিত মিলিত হন। কমিটিগুলিতে সাধারণত ’দলীয় ভারসাম্য’ রক্ষা করা হয় এবং প্রতিটি দলের অ্যাসেম্বলি সদস্যদের সংখ্যার অনুপাত তাতে প্রতিফলিত হয়। অধিকাংশ কমিটিই জনসমক্ষে মিলিত হয়। যে সব কমিটি গোপনে সভা করে সেগুলি হল কাজকর্ম সংক্রান্ত কমিটি এবং হাউস কমিটি। হাউস কমিটি বছরে একবার জনসমক্ষে মিলিত হয়। আচরণের মানবিষয়ক কমিটিও গোপনে একটি অভিযোগের ব্যাপারে আলোচনা করার জন্য মিলিত হওয়ার সিদ্ধান্ত নিতে পারে। অন্যান্য কমিটিগুলি কখনও সখনও কোনো নির্দিষ্ট আলোচ্য বস্তু বিবেচনা করার জন্য গোপনে সভা করতে পারে।

### বিষয় কমিটিগুলি

বিষয় কমিটিগুলি নীতি তৈরি করতে, প্রাথমিক, আনুষঙ্গিক এবং ইউরোপিয়ান আইন প্রণয়ন করতে এবং মন্ত্রীদের কাজকর্ম পরীক্ষা করে দেখার কাজে সাহায্য করে। সব দলের অ্যাসেম্বলি সদস্যরা কোনো বিষয় নিয়ে বিতর্ক চালাতে পারে এবং কীভাবে অ্যাসেম্বলি কাজ করছে সে সম্পর্কে মতামতের আদানপ্রদান করতে পারে। প্রতিটি কমিটিতে একজন ক্যাবিনেট মন্ত্রীর দায়িত্বে থাকা বিষয়গুলি প্রতিফলিত হয় এবং ওই মন্ত্রী কমিটির একজন সদস্য হিসেবে থাকেন।

অ্যাসেম্বলির বিষয় কমিটিগুলি হল :

- শিক্ষা, জীবনব্যাপী শিক্ষা এবং দক্ষতাসমূহ;
- উদ্যোগ, আবিষ্কার এবং নেটওয়ার্ক;
- পরিবেশ, পরিকল্পনা এবং গ্রামাঞ্চল
- স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবা;
- স্থানীয় সরকার এবং সরকারি পরিষেবা;
- সংস্কৃতি, ওয়েলশ ভাষা এবং ক্রীড়া; এবং
- সামাজিক ন্যায় এবং পুনরুত্থান।

## স্থায়ী কমিটি

পাঁচটি স্থায়ী কমিটি হল ঃ

- নিরীক্ষণ অর্থাৎ অডিট কমিটি - যারা অ্যাসেম্বলির সম্পদগুলির কার্যকরী ব্যবহার হচ্ছে কি না তা পরীক্ষা করে দেখে;
- সমান সুযোগের কমিটি - যারা সমান সুযোগের বিষয়টি প্রচারের জন্য অ্যাসেম্বলির ক্রিয়াকলাপ খতিয়ে দেখে;
- ইউরোপীয় এবং বৈদেশিক বিষয় কমিটি - যারা ইউরোপিয়ান ইউনিয়ন সংক্রান্ত যে বিষয়গুলি ওয়েলস'কে প্রভাবিত করবে এবং 'সমগ্র বিশ্বে ওয়েলস' এই ব্যাপকতর ভূমিকার দিকে মনঃসংযোগ করে;
- আইন প্রণয়ন কমিটি - যারা অ্যাসেম্বলির কাছে পেশ করা আইন প্রণয়ন সংক্রান্ত বিষয়গুলি পরীক্ষা করে; এবং
- আচরণের মানবিষয়ক কমিটি - যা অ্যাসেম্বলির সামগ্রিক তত্ত্বাবধান করে সদস্যদের আচরণের মান এবং আচরণ অথবা নিয়মবিধি ভঙ্গ করার অভিযোগগুলি তদন্ত করে দেখে।

## কাজকর্ম সংক্রান্ত কমিটি

কাজকর্ম সংক্রান্ত কমিটি যার মধ্যে আছেন প্রতিটি রাজনৈতিক দল থেকে একজন সদস্য, অ্যাসেম্বলির কাজকর্মের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীকে অ্যাসেম্বলির কাজকর্ম পরিচালনা বিষয়ে পরামর্শদান করে; ডেপুটি প্রিসাইডিং অফিসারকে অধস্তন আইন প্রণয়নের ধারাগুলির বিষয়ে পরামর্শ দেয়; এবং অ্যাসেম্বলির কাজকর্মের ক্ষেত্রে সাধারণভাবে পালনীয় রীতিনীতি এবং বিধিগুলি বিবেচনা করে।

## হাউস কমিটি

অ্যাসেম্বলি হাউস কমিটিকে নির্বাহী ক্ষমতা অর্পণ করেছে। এই কমিটির সভাপতি হলেন ডেপুটি প্রিসাইডিং অফিসার এবং এটি অ্যাসেম্বলির সদস্যদের জন্য যে পরিষেবাগুলি আছে সেই সংক্রান্ত বিষয় নিয়ে কাজ করে। এর মধ্যে আছেঃ

- পরিষেবা, সুযোগ-সুবিধা এবং বাসস্থান;
- সদস্যদের যে আর্থিক অনুদান দেওয়া হয়; এবং
- অ্যাসেম্বলির কাজকর্মে সহায়তা করে এমন সম্পর্কিত বিষয়গুলি।

## আঞ্চলিক কমিটি

পাঁচটি আঞ্চলিক কমিটি আছে। নির্বাচনক্ষেত্র এবং আঞ্চলিক অ্যাসেম্বলির সদস্যরা প্রতিটি আঞ্চলিক কমিটি গঠন করেন। কমিটির সদস্যরা স্থানীয় কমিউনিটিগুলির মতামত শোনে এবং যাতে অ্যাসেম্বলি সম্পূর্ণ ওয়েলস এর প্রতিনিধিত্ব করতে পারে তা নিশ্চিত করে।

## অতিরিক্ত কমিটি

অ্যাসেম্বলি যে নির্দিষ্ট পরিধি বেঁধে দিয়েছে তার মধ্যে নির্দিষ্ট বিষয়গুলি বিবেচনা করার জন্য অতিরিক্ত, সাময়িক কমিটি প্রতিষ্ঠা করতে পারে। এর উদাহরণের মধ্যে আছে জনসাধারণের ব্যবহার্য এলাকায় ধূমপান বিষয়ক কমিটি এবং স্কুলে অর্থলগ্নী বিষয়ক কমিটি।

## House of Commons Welsh Affairs Committee [ হাউস অব কমন্স এর ওয়েলশ অ্যাফেয়ার্স কমিটি ] এর সঙ্গে যৌথভাবে কাজ করা

লন্ডনে হাউস অব কমন্স এ এবং কার্ডিফ এ ওয়েলস এর ন্যাশনাল অ্যাসেম্বলিতে হাউস অব কমন্স এর ওয়েলশ অ্যাফেয়ার্স কমিটি এবং কিছু কিছু অ্যাসেম্বলি কমিটির মধ্যে যৌথ কাজকর্মের বিষয়ে স্থায়ী আদেশ আছে।



# অ্যাসেম্বলিতে প্রবেশাধিকার

## পূর্ণাঙ্গ অধিবেশন এবং কমিটিগুলি

পূর্ণাঙ্গ এবং সরকারি কমিটির সভাগুলিতে জনসাধারণকে স্বাগত জানানো হয়। পূর্ণাঙ্গ এবং অধিকাংশ স্থায়ী এবং বিষয় কমিটির সভা Cardiff Bay [ কার্ডিফ বে ] এর অ্যাসেম্বলি বিল্ডিং এ অনুষ্ঠিত হয় এবং এ সম্পর্কিত তথ্য অ্যাসেম্বলির ওয়েবসাইটে প্রকাশ করা হয়। সারা ওয়েলস জুড়ে আঞ্চলিক কমিটির সভাগুলি নিয়মিত স্থানীয় জনগোষ্ঠীতে অনুষ্ঠিত হয় এবং এসম্পর্কে তথ্য স্থানীয় সংবাদপত্র এবং গণমাধ্যমগুলিতে প্রকাশিত হয়।

## অ্যাসেম্বলির কার্যবিবরণীর সম্প্রচার

সকল পূর্ণাঙ্গ অধিবেশন এবং কিছু কিছু কমিটির সভা সরাসরি ডিজিটাল টেলিভিশন চ্যানেল S4C 2 এ সম্প্রচারিত হয়। ইন্টারনেটে সভাগুলির সরাসরি সম্প্রচার এবং সংরক্ষিত সম্প্রচারগুলি এই ঠিকানায় গিয়ে দেখা যাবে : **www.webcasting.wales.gov.uk**

## অতিথি এবং প্রদর্শনী কেন্দ্র

অ্যাসেম্বলির দুটি অতিথি এবং প্রদর্শনী কেন্দ্র আছে। 'The Assembly at the Pierhead' [ 'দি অ্যাসেম্বলি অ্যাট দ্য পিয়ারহেড' ] Cardiff Bay [ কার্ডিফ বে ] তে পিয়ারহেড বিল্ডিং এ অবস্থিত এবং নর্থ ওয়েলস ভিজিটর সেন্টার Colwyn Bay [ কলউইন বে ] তে অবস্থিত।

এই কেন্দ্রগুলি অতিথিদের একটি পারস্পরিক আদানপ্রদানমূলক অভিজ্ঞতা নেওয়ার সুযোগ দেয় যার ফলে অ্যাসেম্বলির সম্পর্কে শেখা আরও আগ্রহ এবং উৎসাহব্যঞ্জক হয়ে ওঠে। এই প্রদর্শনীগুলিতে ওয়েলস এ অ্যাসেম্বলি এবং তার ভূমিকা ও দায়দায়িত্বগুলি সম্পর্কে তথ্য দেওয়া হয় এবং অতিথিরা অ্যাসেম্বলির সদস্যদের পরিচিতি, অ্যাসেম্বলিতে কী ঘটছে এবং অ্যাসেম্বলি কীভাবে কাজ করে সে সম্পর্কে সাম্প্রতিকতম তথ্য জানার সুযোগ পান। উভয় কেন্দ্রেই এমন বিপণী আছে যাতে অ্যাসেম্বলির ছাপ মারা এবং ওয়েলস এর বিভিন্ন জায়গা থেকে আগত পণ্যদ্রব্যের সম্ভার সাজানো আছে। অতিথিদের এই কেন্দ্রগুলিতে স্বাগত জানানো হয় অথবা তাঁরা অগ্রিম তাঁদের ভ্রমণ সংরক্ষণ করে রাখতে পারেন।

## অঞ্চলগুলিতে অ্যাসেম্বলি

ওয়েলস এ সকলের কাছে পৌঁছোতে অ্যাসেম্বলি অঙ্গীকারবদ্ধ। অ্যাসেম্বলির সংসদীয় পরিষেবা কর্মীরা বিভিন্ন অঞ্চলে আছেন যাতে তাঁরা স্থানীয়, জনগোষ্ঠী এবং আঞ্চলিক গ্রুপগুলির অনুষ্ঠান এবং প্রদর্শনীতে উপস্থিত থেকে তাঁদের সঙ্গে সম্পর্ক তৈরি করতে পারেন। বিভিন্ন অনুষ্ঠান এবং অনুষ্ঠানস্থলে উপস্থিত থেকে কর্মীরা অ্যাসেম্বলির কাজকর্মের প্রচার ঘটাতে পারে, স্থানীয় জনসাধারণের সঙ্গে মিলিত হতে পারে এবং তাঁদের মতামত নিতে পারে।